# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭১৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কা'বার দিকে মুখ করে সালাত আদায় করার নির্দেশ দেওয়ার আগে মুসলিমরা বাইতুল মাকদিসের দিকে কী পরিমাণ সময় মুখ করে সালাত আদায় করেছেন, তার বর্ণনা

ذِكْرُ الْقَدْرِ الَّذِي صَلَّى فِيهِ الْمُسْلِمُونَ إِلَى بَيْتِ الْمَقْدِسِ قَبْلَ الْأَمْرِ بِاسْتِقْبَالِ الْكَعْبَةِ

আরবী

1713 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنِ الْبَرَاءِ قَالَ: لَمَّا قَدِمَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ صَلَّى نَحْوَ بَيْتِ الْمَقْدِسِ سِتَّةَ عَشَرَ شَهْرًا أَوْ سَبْعَةَ عَشَرَ شَهْرًا وَكَانَ يُحِبُّ أَنْ يُوَجَّهَ إِلَى الْكَعْبَةِ فَأَنْزَلَ اللَّهُ جَلَّ وَعَلَا: {قَدْ نَرَى تَقَلُّبَ وَجْهِكَ فِي السَّمَاءِ فَلَنُوَلِّيَنَّكَ قِبْلَةً تَرْضَاهَا فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ} [البقرة: 144] فَمَرَّ رَجُلٌ عَلَى قَوْمٍ مِنَ الْأَنْصَارِ وَهُمْ رُكُوعٌ فَقَالَ: هُوَ يَشْهَدُ أَنَّهُ قَدْ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَّهُ وُجِّهَ إِلَى الْكَعْبَةِ.

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1713 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة))

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: صَلَّى الْمُسْلِمُونَ إِلَى بَيْتِ الْمَقْدِسِ بَعْدَ قُدُومِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ سبعة عشر شهراً وثلاثة أيام سوداء وَذَلِكَ أَنَّ قُدُومَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ كَانَ يَوْمَ الِاثْنَيْنِ لِاثْنَتَيْ عَشْرَةَ لَيْلَةً خَلَتْ مِنْ رَبِيعٍ الْأَوَّلِ وَأَمَرَهُ اللَّهُ جَلَّ وَعَلَا بِاسْتِقْبَالِ الْكَعْبَةِ يَوْمَ الثُّلَاثَاءِ لِلنِّصْفِ مِنْ شَعْبَانَ فَذَلِكَ مَا وَصَفْتُ عَلَى صِحَّةِ مَا ذكرت.

বাংলা

১৭১৩. বারা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মদীনায় আগমন করেন, তখন তিনি ১৬ মাস অথবা ১৭ মাস বাইতুল মাকদিসের দিকে মুখ করে সালাত আদায় করেন। তবে তিনি কা‘বার দিকে মুখ করে সালাত আদায় করতে ভালবাসতেন। তখন মহান আল্লাহ আয়াত অবতীর্ণ  করেন, قَدْ نَرَى تَقَلُّبَ وَجْهِكَ فِي السَّمَاءِ فَلَنُوَلِّيَنَّكَ قِبْلَةً تَرْضَاهَا فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ (অবশ্যই আমরা আসমানে দিকে আপনার মুখ ফেরানো লক্ষ্য করেছি। অবশ্যই আমরা আপনাকে এমন কিবলার দিকে মুখ ফিরিয়ে দিবো, যাতে আপনি সন্তুষ্ট হবেন। অতএব আপনি মাসজিদুল হারামের দিকে মুখ ফেরান। - সূরা  বাকারাহ: ১৪৪)

তারপর এক ব্যক্তি আনসারী কিছু সাহাবীর পাশ দিয়ে অতিক্রম করেন, এমন অবস্থায় যে, তারা রুকু‘ অবস্থায় ছিলেন। তখন তিনি বলেন যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সালাত আদায় করেছেন। তিনি কা‘বার দিকে মুখ করে সালাত আদায় করেছেন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় আগমন করার পর মুসলিমগণ ১৭ মাস ও কৃষ্ণপক্ষের তিনদিন বাইতুল মাকদিসের দিকে মুখ করে সালাত আদায় করেন। তিনি ১২ই রবিউল আওয়াল মাস, সোমবার মদীনায় আগমন করেন, আর মহান আল্লাহ তাঁকে কা‘বার দিকে মুখ করে সালাত আদায় করার নির্দেশ দেন ১৫ ই শা‘বান, মঙ্গলবার। কাজেই এটি আমাদের বর্ণনার বিশুদ্ধতাকে প্রমাণ করে।”

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৭২৫২; তিরমিযী: ৩৪০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৪৪; মুসান্নাফ িইবনু শায়বাহ: ১/৩৩৪; সহীহ মুসলিম: ৫২৫; আবূ আওয়ানা: ১/৩৯৪; আত তায়ালিসী: ৭১৯; সুনান বাইহাকী: ২/২; ইবনুল জারূদ, আল মুনতাকা: ১৬৫; ইবনু মাজাহ: ১০১০; দারাকুতনী: ১/২৭৩; নাসাঈ: ২/৬০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সিফাতুস সালাহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90929

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন